গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১৫৭ তারিখ: ৫ জ্যৈষ্ঠ ১৪২৯

১৯ মে ২০২২

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

**১। আবহাওয়ার সতর্কবার্তা:**

**সমুদ্রবন্দর সমূহের জন্য কোন সতর্কবাণী নেই এবং কোন সংকেতও দেখাতে হবে না।**

**২। আজ ১৯ মে ২০২২ খ্রিঃ তারিখ সকাল ৯ টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**

রংপুর, ময়মনসিংহ এবং সিলেট অঞ্চলসমুহের উপর দিয়ে পশ্চিম/উত্তর-পশ্চিম দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ০১ নম্বর সতর্ক সংকেত (পুনঃ) ০১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

**৪। আজ ১৯ মে ২০২২ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:**

**সিনপটিক অবস্থাঃ** লঘুচাপের বর্ধিতাংশ বিহার, পশ্চিমবঙ্গ এবং বাংলাদেশের দক্ষিণ-পশ্চিম হয়ে উত্তর বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে।

**পূর্বাভাসঃ** রংপুর, ময়মনসিংহ ও সিলেট বিভাগের অনেক জায়গায়; চট্টগ্রাম বিভাগের কিছু কিছু জায়গায় এবং ঢাকা, রাজশাহী, খুলনা ও বরিশাল বিভাগের দু'এক জায়গা য় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়ার সাথে প্রবল বিজলী চমকানোসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের উত্তর-উত্তরপূর্বাঞ্চলের কোথাও কোথাও মাঝারী ধরণের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।

**তাপ প্রবাহ:** মাদারীপুর, টাঙ্গাইল, চাঁদপুর, রাজশাহী, খুলনা, সাতক্ষীরা, যশোর ও বাগেরহাট জেলা সমূহের উপর দিয়ে মৃদু তাপ প্রবাহ বয়ে যাচ্ছে এবং তা অব্যাহত থাকত ে পারে।

**তাপমাত্রাঃ** সারাদেশে দিন ও রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন):** বৃষ্টি/বজ্রসহ বৃষ্টিপাতের প্রবণতা বৃদ্ধি পেতে পারে।

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | ময়মনসিংহ | চট্রগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩৬.২ | ৩৫.০ | ৩৬.৩ | ৩৪.৩ | ৩৬.১ | ৩৪.৮ | ৩৭.২ | ৩৫.৮ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২৩.৫ | ২২.৪ | ২৫.৮ | ২১.০ | ২৫.৮ | ২১.৫ | ২৮.০ | ২৭.৫ |

**গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল খুলনা ৩৭.২° সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা সিলেট ২১.০° সেঃ।**
**(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)**

**৫। অগ্নিকান্ড সম্পর্কিত তথ্যঃ**

হবিগঞ্জ জেলা প্রসাশন হতে প্রাপ্ত বজ্রপাতের তথ্যাদি নিম্নরুপ:

| ক্র.নং. | তারিখ | মৃত/আহতের নাম | বয়স | লিঙ্গ | পিতা/স্বামীর নাম | গ্রাম | ইউনিয়ন | উপজেলা | পেশা | বজ্রপাতের সময় অবস্থান ও কাজ | মৃতের সংখ্যা | আহতসংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ১৮/০৫/২০২২ | অজিত সূত্রধর | ৩৮ | পুরুষ | সুকমার সূত্রধর | বিরাট | আজমিরীগঞ্জ সদর ইউনিয়ন | আজমিরীগঞ্জ | কৃষক | ধান কাটা অবস্থায় | ১ | ০ | |

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১৮-০৫-২০২২ | মোছা: রিবা আক্তার | ২২ | মহিলা | মো: আমিন মিয়া | নগর | আজমিরীগঞ্জ পৌরসভা | আজমিরীগঞ্জ | গৃহিণী | আম কুড়ানোর সময় | ০ | ১ | |

## ৬। অগ্নিকান্ড সম্পর্কিত তথ্যঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ১৭ মে, ২০২২ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা থেকে ১৮ মে, ২০২২ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ৩১ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরুপ:

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ৮ | ০ | ০ |
| ২। | ময়মনসিংহ | ২ | ০ | ০ |
| ৩। | বরিশাল | ৫ | ৫ | ০ |
| ৪। | সিলেট | ১ | ০ | ০ |
| ৫। | রাজশাহী | ৭ | ০ | ০ |
| ৬। | রংপুর | ৩ | ০ | ০ |
| ৭। | চট্টগ্রাম | ৫ | ০ | ১ |
| ৮। | খুলনা | ০ | ০ | ০ |
| | মোট | ৩১ | ৫ | ১ |

## ৭। এক নজরে নদ-নদীর পরিস্থিতি ও পূর্বাভাস

- ব্রহ্মপুত্র-যমুনা ও গঙ্গা-পদ্মা নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে যা আগামী ৪৮ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- আবহাওয়া সংস্থাসমূহের গাণিতিক মডেলভিত্তিক পূর্বাভাস অনুযায়ী, আগামী ২৪ ঘন্টায় দেশের উত্তরাঞ্চল, উত্তর-পূর্বাঞ্চল এবং তৎসংলগ্ন ভারতের আসাম, মেঘালয়, হিমালয় পাদদেশীয় পশ্চিমবঙ্গ ও ত্রিপুরা প্রদেশের কতিপয় স্থানে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।
- দেশের উত্তরাঞ্চলের ধরলা, তিস্তা ও দুধকুমার নদীর পানি সমতল বৃদ্ধি পাচ্ছে, যা আগামী ২৪ ঘন্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে এবং সময়বিশেষে দ্রুত বৃদ্ধি পেতে পারে।
- দেশের উত্তর-পূর্বাঞ্চলের আপার মেঘনা অববাহিকার প্রধান নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে, যা আগামী ২৪ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে এবং উত্তর-পূর্বাঞ্চলের প্রধান নদীসমূহের (সুরমা, কুশিয়ারা, ভোগাই-কংস, ধনু-বাউলাই, মনু, খোয়াই) পানি সমতল কতিপয় পয়েন্টে সময়বিশেষে দ্রুত বৃদ্ধি পেতে পারে।
- আগামী ২৪ ঘণ্টায় দেশের উত্তর-পূর্বাঞ্চলে সিলেট ও সুনামগঞ্জ জেলার নিম্নাঞ্চলের কতিপয় স্থানে বন্যা পরিস্থিতি স্থিতিশীল থাকতে পারে।

**নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত)**

| | | | |
|---|---|---|---|
| পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন | ১০৯ | গেজ স্টেশন বন্ধ আছে | ০ |
| বৃদ্ধি | ৮১ | গেজ পাঠ পাওয়া যায়নি | ০ |
| হ্রাস | ২২ | মোট তথ্য পাওয়া যায়নি | ০ |
| অপরিবর্তিত | ০৬ | **বিপদসীমার উপরে** | **০৫** |

**বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন (১৯ মে,২০২২ খৃঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী):**

| পানি সমতল স্টেশন | নদীর নাম | আজকের পানি সমতল (মিটার) | বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.) | বিপদসীমা (মিটার) | বিপদসীমার উপরে (সে.মি.) |
|---|---|---|---|---|---|
| কানাইঘাট (সিলেট) | সুরমা | ১৩.৯০ | -১২ | ১২.৭৫ | +১১৫ |
| সিলেট | সুরমা | ১১.২৭ | +০৫ | ১০.৮০ | +৪৭ |
| সুনামগঞ্জ | সুরমা | ৭.৯৯ | +০১ | ৭.৮০ | +১৯ |
| অমলশীদ (সিলেট) | কুশিয়ারা | ১৭.১৫ | +১৭ | ১৫.৪০ | +১৭৫ |
| শেওলা (সিলেট) | কুশিয়ারা | ১৩.৬২ | +০৪ | ১৩.০৫ | +৫৭ |

**বারিপাত তথ্য**

গত ২৪ ঘন্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গত কাল সকাল ০৯:০০ টা থেকে আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত) :

| স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|---|---|---|---|
| লালাখাল (সিলেট) | ১২৫.০ | দুর্গাপুর (নেত্রকোণা) | ১২৫.০ | শ্রীমঙ্গল (মৌলভীবাজার) | ১০৫.০ |
| ইটাখোলা (হবিগঞ্জ) | ৮২.০ | মহেশখোলা (সুনামগঞ্জ) | ৭২.০ | জকিগঞ্জ (সিলেট) | ৭০.০ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| মনু রেলওয়ে ব্রীজ (সিলেট) | ৬৪.০ | কমলগঞ্জ (মৌলভীবাজার) | ৬০.০ | লাটু (সিলেট) | ৬০.০ |
| নাকুয়াগাঁও (শেরপুর) | ৫৮.০ | সুনামগঞ্জ | ৫৬.০ | শেরপুর (সিলেট) | ৫৫.০ |

গত ২৪ ঘন্টায় ভারতের উত্তর পূর্বাঞ্চলের সিকিম, অরুণাচল, আসাম, মেঘালয় ও ত্রিপুরা অঞ্চলে উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ:

| স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|---|---|---|---|
| চেরাপুঞ্জি (মেঘালয়) | ২০৪.০ | ধুব্রি (আসাম) | ১০৪.০ | পাসিঘাট (অরুণাচল) | ১০০.০ |
| কৈলাশহর (ত্রিপুরা) | ৮৩.০ | শিলচর (আসাম) | ৬০.০ | তেজপুর (আসাম) | ৫৯.০ |

১৯-৫-২০২২
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অনুবিভাগ
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১
ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬
ইমেইল: controlroom.ddm@gmail.com

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১৫৭/১(১৭১)

তারিখ: ৫ জ্যৈষ্ঠ ১৪২৯
১৯ মে ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ
২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৩) সিনিয়র সচিব , প্রধানমন্ত্রীর কার্যালয়
৪) সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
৫) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
৬) মহাপরিচালক , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৭) বিভাগীয় কমিশনার (সকল)
৮) পরিচালক (সকল)
৯) জেলা প্রশাসক (সকল)
১০) উপ-পরিচালক (সকল)
১১) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
১২) জেলা ত্রাণ ও পুর্নবাসন কর্মকর্তা (সকল)
১৩) সহকারী পরিচালক , যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

১৯-৫-২০২২
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা